



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ

সাতকানিয়া উপজেলা শাখা

সাতকানিয়া, চট্টগ্রাম

ওয়েবসাইট: <https://bmtas.com>

সূত্র: বা.মা.শি.প.০০২-২০২৬

তারিখ: ০৯-০৩-২০২৬ খ্রি.

অনলাইনে চাহিদা সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র পরিষদ হতে প্রশ্নপত্র ও সিলেবাস গ্রহণকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাতে হাতে বা হোয়াটস এ্যাপের মাধ্যমে চাহিদা প্রদান করলে কাজগুলো গুছিয়ে আনতে অনেক সময় ব্যয় হয় এবং বিভিন্ন সময় অনেক চাহিদা সঠিক ভাবে এন্ট্রি করা হয় না যার কারণে প্রশ্নপত্র ও সিলেবাস ছাপা ও বিতরণে বিঘ্নিত হয়। প্রশ্নপত্র ও চাহিদা প্রদান সহজ ও দ্রুত করার জন্য এবং সফটওয়্যারের মাধ্যমে হিসাব-নিকাশ করার সুবিধার্থে অত্র পরিষদ এটি ওয়েব এপ্লিকেশন চালু করেছে যার মাধ্যমে সহজে চাহিদা প্রদান, চাহিদা সংশোধন সয়ংক্রিয়ভাবে করা যায় এবং প্রশ্নপত্র ও সিলেবাসের মূল্য তালিকা সহজে পাওয়া যায়। ইহা ছাড়াও ছাপা ও অন্যান্য কাজের আয়-ব্যয় খরচ সহজে পরিচালনা করা যায়। এমতাবস্থায় নিম্নের নিয়মে সকল মাদ্রাসাকে প্রশ্নপত্র ও সিলেবাসের চাহিদা অনলাইনে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চাহিদা প্রদান পদ্ধতি

পদ্ধতি ০১: <https://bmtas.com/add-madrasah-dimand> এই লিংকে ক্লিক করে প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিলে একটি ফরম ওপেন হবে। ফরমে চাহিদার বিষয় ও সাল সিলেক্ট করে শ্রেণি ভিত্তিক চাহিদা এবং প্রশ্নপত্র হলে নবম ও দশম শ্রেণির অতিরিক্ত বিষয়ের সংখ্যা দিয়ে সাবমিট দিলে চাহিদাপত্র আপলোড হয়ে যাবে।

পদ্ধতি ০২: <https://bmtas.com/login> এই লিংকে বা ওয়েব সাইটের উপরের ডানের এ্যরো সাইনে ক্লিক করলে একটি লগইন ফরম আসবে। এখানে প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করলে মাদ্রাসার ডেশবোর্ড ওপেন হবে। এখানে বামে Demand → Create Demand এ ক্লিক করলে একটি ফরম ওপেন হবে। ফরমে চাহিদার বিষয় ও সাল সিলেক্ট করে শ্রেণি ভিত্তিক চাহিদা এবং প্রশ্নপত্র হলে নবম ও দশম শ্রেণির অতিরিক্ত বিষয়ের সংখ্যা দিয়ে সাবমিট দিলে চাহিদাপত্র আপলোড হয়ে যাবে।

ইউজার আইডি ও পাসওয়ার্ড সংক্রান্ত

ইতিপূর্বে প্রত্যেক প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে ইউজার আইডি ও পাসওয়ার্ড এসএমএস এর মাধ্যমে পাঠানো হয়েছে। পরিষদের ডাটাবেসে কিছু প্রতিষ্ঠানের মোবাইল নম্বর ভুল থাকায় অনেকে এসএমএস পায়নি। যে সমস্ত প্রতিষ্ঠান প্রধান পাসওয়ার্ড পায়নি বা ভুলে গেছে তাদেরকে ০১৮১২ ৪২৭৫১৩ এই নম্বরে হোয়াটস এ্যাপে যোগাযোগ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে- সচিব, অত্র পরিষদ